

## Visit of Minister of State for External Affairs, Smt. Meenakshi Lekhi to Portugal (September 12-14, 2021)

September 15, 2021

### বিদেশ প্রতিমন্ত্রী শ্রীমতি মীনাঙ্কী লেখির পোর্তুগাল সফর (সেপ্টেম্বর 12-14, 2021)

সেপ্টেম্বর 15, 2021

1. বিদেশ প্রতিমন্ত্রী শ্রীমতি মীনাঙ্কী লেখি 12 থেকে 14ই সেপ্টেম্বর 2021 -এ পোর্তুগালে সরকারি সফর করেছেন।

2. প্রতিমন্ত্রী তার সফরকালে তার সমতুল পররাষ্ট্র এবং সহযোগিতা বিষয়ক পররাষ্ট্র সচিব হিজ এক্সেলেন্সি মিস্টার ফ্রানসিস্কা অ্যাভ্রেজের সাথে দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে সুগভীর পর্যালোচনা করেছেন। এরপরে ভারতীয় নাগরিকদের পোর্তুগালে কাজে নিয়োগ করার জন্য একটি স্থায়ী দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। পোর্তুগাল হল ইউরোপের প্রথম দেশ যাদের সাথে ভারত শ্রমের গতিশীলতার উপরে নিবেদিত একটি চুক্তি স্বাক্ষর করেছে। ইউরোপের বাইরে এই প্রথম পোর্তুগাল এই রকম একটি চুক্তি স্বাক্ষর করল। চুক্তিতে পোর্তুগালে ভারতীয় শ্রমিক এবং পেশাদারদের নিয়োগের পদ্ধতি নির্ধারণ করা হয়েছে এবং ভারতীয়দের জন্য একটি নতুন কর্মসংস্থানের দ্বার উন্মুক্ত হবে যেটি দুই দেশের মধ্যে আর্থসামাজিক সম্পর্কে আরও মজবুত করবে।

3. পোর্তুগালের বিদেশমন্ত্রী, হিজ এক্সেলেন্সি মিস্টার অগাস্টো স্যানটোস সিলভা, প্রতিমন্ত্রীর সম্মানার্থে একটি মধ্যাহ্নভোজের আয়োজন করেছিলেন যেখানে পররাষ্ট্র এবং সহযোগিতা বিষয়ক পররাষ্ট্র সচিব হিজ এক্সেলেন্সি মিস্টার ফ্রানসিস্কা অ্যাভ্রেজ এবং আন্তর্জাতিকতা মন্ত্রকের সচিব হিজ এক্সেলেন্সি মিস্টার ইউরিকো ব্রিহাল্তে ডায়াসও যোগদান করেছিলেন। মন্ত্রী সিলভা ভারতের টিকাকরণ কর্মসূচির উচ্ছসিত প্রশংসা করেছেন এবং অতিমারি পরিস্থিতির উন্নতি হবার পরে দুই দেশের মধ্যে উচ্চ পর্যায়ের দ্বিপাক্ষিক সফরের গতি বজায় থাকবে বলে তিনি তার আশা ব্যক্ত করেছেন। মন্ত্রী সিলভা এই বছরের মে মাসে পোর্টোতে অনুষ্ঠিত ভারত-ইউ-র নেতৃত্বের সফল বৈঠকের কথা উল্লেখ করেছেন এবং ব্রাসেলস-এ এর ফলাফলের দ্রুত বাস্তবায়নের উপরে জোর দিয়েছেন। প্রতিমন্ত্রী পোর্তুগালের সঙ্গে দ্বিপাক্ষিক অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক বৃদ্ধির ও বৈচিত্র্য আনতে অধিকতর মনোযোগের আহ্বান জানিয়েছেন এবং রাজনৈতিক, ব্যবসা এবং মানুষ মানুষে সম্পৃক্ততা পুনরায় শুরু করার জন্য টিকা এবং টিকা শংসাপত্রের পারস্পরিক স্বীকৃতি সংক্রান্ত জরুরীতার পুনরাবৃত্তি করেন।

4. পোর্তুগালের সংস্কৃতি মন্ত্রী হিজ এক্সেলেন্সি ডঃ গ্র্যাকা ফনসেকার সাথে প্রতিমন্ত্রী তার বৈঠকে, যুব এবং সাহিত্য প্রতিনিধি দল, 2020-র ফেব্রুয়ারীতে পোর্তুগালের সাথে স্বাক্ষরিত মো-এর অধীনে লোথালে সামুদ্রিক ঐতিহ্যের উপরে গ্যালারী প্রতিষ্ঠা, ঐতিহ্য সংরক্ষণে ক্ষমতায়ন, আর্কাইভ এবং মিউজিওলজী ও সংশ্লিষ্ট দক্ষতায় প্রশিক্ষকদের প্রশিক্ষণের মত সাংস্কৃতিক ক্ষেত্রগুলিতে সহযোগিতার

নতুন পথের অনুসন্ধান করেছেন। পোর্তুগীজ ভাষা ব্যবহারকারী দেশগুলির সম্প্রদায়ের (সিপিএলপি) নির্বাহী সচিব হিজ এঞ্জেলেন্সি ডঃ জ্যাকারিয়াস দা কোস্টার সাথেও প্রতিমন্ত্রী সাক্ষাৎ করেছেন। 2021 - এর জুলাই মাসে লুয়ান্ডা শীর্ষ সম্মেলনে সিপিএলপি-তে সহযোগী পর্যবেক্ষক হিসেবে ভারতের যোগদানের পরে সিপিএলপি এবং ভারতের মধ্যে এই প্রথম শীর্ষ বৈঠক অনুষ্ঠিত হল। প্রতিমন্ত্রী সিপিএলপি -র প্রকাশিত লক্ষ্য অনুযায়ী পোর্তুগীজ ভাষা ব্যবহারকারী দেশগুলির সঙ্গে সহযোগিতা জোরদার করার প্রতি ভারতের অঙ্গীকার ব্যক্ত করেছেন।

5. প্রতিমন্ত্রী তার সফর কালে ভারতীয় অভিবাসীদের সাথেও আলাপ আলোচনা করেছেন এবং লিসবনে ভারতীয় দূতাবাস দ্বারা আয়োজিত ভারতের সমৃদ্ধশালী সাংস্কৃতিক ঐতিহ্য মন্ডিত আজাদি কা অমৃত মহোৎসবে অংশগ্রহণ করেছেন। তিনি ভারতীয় সংস্কৃতি সংরক্ষণে এবং বসুধৈব কুটুম্বকমের সংকল্পে বিশ্বের সাথে ভারতের বন্ধন অটুট রক্ষা করার ক্ষেত্রে অভিবাসী সম্প্রদায়ের ভূমিকা পালনের কথা উল্লেখ করেছেন। প্রতিমন্ত্রী মহাত্মা গান্ধী উদ্যান দর্শন করেছেন ও মহাত্মার উদ্দেশ্যে পুষ্প স্তবক অর্পণ করেছেন এবং পরে হিন্দু মন্দির দর্শন করেছেন।

6. পোর্তুগালের সাথে ভারতের পরম্পরাগত সম্পর্ক উষ্ণ এবং বন্ধুত্বের দ্বারা চিহ্নিত এবং সাম্প্রতিক বছরগুলিতে পারস্পরিক বোঝাপড়া ও নেতৃত্বের সমর্থনের সাথে গতিপ্রাপ্ত হয়েছে। কোভিড-19-সৃষ্ট ব্যাঘাত সত্ত্বেও অর্থনীতি ও বাণিজ্য, বিজ্ঞান, প্রতিরক্ষা, জনগণের সাথে জনগণের সম্পর্ক এবং সংস্কৃতি ক্ষেত্রে দুই দেশের মধ্যে সক্রিয় ও ক্রমবর্ধমান সহযোগিতা রয়েছে। অতিমারির প্রাদুর্ভাবের পরে ভারত থেকে মন্ত্রী পর্যায়ের এই ধরনের প্রথম সফর পোর্তুগাল ও ইইউর সাথে ভারতের ক্রমবর্ধমান সম্পর্ককে আরও উৎসাহ প্রদান করেছে।

নিউ দিল্লি

সেপ্টেম্বর15,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.